গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৮.১৯/ ১৭ তারিখ: ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৭৩/২০২৪**

**বিষয়ঃ আমদানিতব্য Hot Melt Glue Gun নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ Welcome Trading এর ০১/১১/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Welcome Trading নামক প্রতিষ্ঠান Hot Melt Glue Gun নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | Welcome Trading |
| আবেদনকারীর ঠিকানা | 60, Loyal Street, Patuatuly, Dhaka-1100. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Hot Melt Glue Gun |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Solid Form |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | China |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 8515.11.00 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Hot Melt Glue Gun নামক পণ্যটি Solid Form প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেনীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারক কর্তৃক প্রদত্ত পণ্যের ক্যাটালগ ও ক্যাটালগে প্রদত্ত মডেলগুলো পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য পণ্যগুলোর Commercial Name হলো "Hot Melt Glue Gun" যা বৈদ্যুতিক সংযোগ দ্বারা চালিত এবং হাত দ্বারা (Hand held) নিয়ন্ত্রিত একটি যন্ত্র। এটি Household Domestic ব্যবহারের পাশাপাশি Industry তে পণ্যের অ্যাসেম্বলিং ও প্যাকেজিং এর কাজে সাধারনত ব্যবহার করা হয়ে থাকে। ক্যাটালগে প্রদত্ত Hot Melt Glue Gun গুলো মডেল ভেদে 10W থেকে 100W ক্ষমতা সম্পন্ন ইলেকট্রিক গান যার ফ্লো রেট ১১-২৬ গ্রাম/মিনিট এবং প্রতিবারে তাপ ধারন ক্ষমতা ৩-৫ মিনিট। এগুলোর মধ্যে কোন Self-contained Electric Motor নেই এবং এটিতে কোন ব্যাটারিও ব্যবহৃত হয় না। এটিতে PTC (Positive Temperature Coefficient) Heater মাধ্যমে Glue Stick কে উত্তপ্ত করে Glue কে নরম করা হয় এবং Mechanical trigger action এর মাধ্যমে Feed Tube দিয়ে Glue Gun থেকে Glue বের (Dispense) হয়। আমদানিতব্য পণ্যটির প্রস্তাবিত এইচ.এস. কোড 8515.11.00- Soldering iron and guns.

আমদানিকারকের প্রস্তাবিত H.S. Code এ সাধারণত Brazing or soldering machines and apparatus সমূহ শ্রেণিবিন্যাস হয়ে থাকে। Explanatory Notes 7th Edition (2022) Volume 5 এর Chapter 85 এর Brazing and soldering এর ব্যাখ্যায় উল্লেখ রয়েছে; "Brazing and soldering are operations in which metal parts are joined by means of a filler metal with a lower melting point that wets the parent metal(s). Brazing can be distinguished from soldering by the melting point temperature of filler metals used. In brazing it is generally above 450 °C, whereas in soldering the melting point is achieved at a lower temperature."

আলোচ্য ক্ষেত্রে পণ্যটি Soldering বা Brazing জাতীয় কোন কাজ সম্পাদন করে না বিধায় হেডিং 85.15 ও আমদানিকারকের প্রস্তাবিত H.S. Code-8515.11.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে না।

এছাড়াও পণ্যটিকে সম্ভাব্য নিম্নলিখিত হেডিংয়ে/সাবহেডিংয়ে Classification এর সম্ভাবনা রয়েছে। Bangladesh Customs Tariff এ উল্লেখিত হেডিং ও সাব-হেডিংসমূহ নিম্নরূপ:

84.24 Mechanical appliances (whether or not hand-operated) for projecting, dispersing or spraying liquids or powders, fire extinguishers, whether or not charged; spray guns and similar appliances: steam or sand blasting machines and similar jet projecting machines.

আলোচ্য পণ্যটি 84.24 হেডিংয়ের আওতায় শ্রেণিবিন্যাস হবে না কারন আলোচ্য Glue Gun গুলো "projecting. dispersing or spraying" আকারে কাজ করে না, বরং এগুলো dispensing আকারে কাজ করে।

84.67 Tools for working in the hand, pneumatic, hydraulic or with self-contained electric or non-electric motor.

আলোচ্য পণ্যটি Hand Tools হলেও 84.67 হেডিংয়ের আওতায় শ্রেণিবিন্যাসযোগ্য হবে না কারন আলোচ্য Glue Gun গুলোতে কোন ধরনের Motor নেই। এগুলোর ক্ষেত্রে PTC (Positive Temperature Coefficient) Heater মাধ্যমে Gluc Stick কে উত্তপ্ত করে Glue কে নরম করা হয় এবং Mechanical trigger action এর মাধ্যমে Feed Tube দিয়ে Glue Gun থেকে Glue বের (Dispense) হয়।

উল্লিখিত ৩ টি হেডিং (85.15, 84.24 ও 84.67) এ শ্রেণিবিন্যাস করা সম্ভব নয় বিধায় আলোচ্য পণ্য Hot Melt Glue Gun নিম্নলিখিত হেডিং 84.79 তে শ্রেণিবিন্যাস হবে।

84.79 Machines and mechanical appliances having individual functions, not specified or included elsewhere in this Chapter.

বর্ণিতবস্থায়, BCT এবং Explanatory Notes এর উপর্যুক্ত ব্যাখ্যা ও সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য পণ্য "Hot Melt Glue Gun" হেডিং 84.79 এর অধীন Other machines and mechanical appliances হিসেবে H.S. Code-8479.89.00 এ শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারী করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারী হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিতব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-২৮.০২.২০২৪
(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৮.১৯/ ৯৭ তারিখ: ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৭। ব্যবস্থাপনা পরিচালক, Welcome Trading, 60, Loyal Street, Patuatuly, Dhaka-1100.

২৮/২/২৪
(তানভীর আহমেদ)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com